# দিঘলিয়া উপজেলা পরিষদের মার্চ/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-১০)

সভাপতি : আরিফুল ইসলাম
প্রশাসক,
উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৪ মার্চ ২০২৫, সোমবার

সময় : দুপুর ১২:৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত ফেব্রুয়ারি/২০২৫, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | ফেব্রুয়ারি/২০২৫ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২ | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: ফেব্রুয়াটি/২০২৫ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয়।<br>সর্বমোট আয়- /-<br>মোট ব্যয়- /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় ০৮ (আট) জন সুফলভোগীদের মাঝে সাইলেস প্রযুক্তি হস্তান্তর করা হয়েছে। এলডিডিপি প্রকল্পের আওতায় পিজি গ্রুপের গ্রুপের ০৬ (ছয়) জন খামারীদের মাঝে ০৬ (ছয়) টি গ্রাম কাটিং মেশিন বিতরন করা হয়েছে এবং সমতল ভূমিতে বসবাসরত অনাগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আত্ম-সামাজিক ও জীবনমানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ০৫ (পাঁচ) জন খামারীর মাঝে ২৫০ কেজি মুরগীর খাবার বিতরণ করা হয়েছে। অত্র দপ্তরের চিকিৎসা প্রদান, ভ্যাকসিনেশন ক্যাম্পেইন সহ অন্যান্য সকল কার্যক্রম অব্যাহত রয়েছে। তিনি আরো বলেন প্রাণিসম্পদ | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি নীতিমালা অনুসরনপূর্বক দাপ্তরিক কাজ পরিচালনাসহ প্রকৃত সুফলভোগি নির্বাচনের মাধ্যমে তাদেরকে যথাযথ প্রশিক্ষন প্রদান ও উপকরণ বিতরণসহ ০১ (এক) দিনের জন্য সুলভ মূল্যে ডিম, ও দুধ বিক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | অফিসের পক্ষ হতে মহান স্বাধীনতা দিবস উপলক্ষে একদিনের জন্য সুলভ মূল্যে ডিম, ও দুধ বিক্রয় করা হবে। তিনি আরো বলেন তার প্রাণিসম্পদ হাসপাতালের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, গত ইং ১৬ মার্চ, ২০২৫ তারিখ জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন সফলভাবে সম্পন্ন হওয়ায় উপজেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন প্রাণীর কামড়ে আহত রোগীদের জলাতঙ্কের টিকা (ARV) সরবরাহের জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভিটামিন এ ক্যাপসুল ক্যাম্পেইনে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, বর্তমানে দিঘলিয়া উপজেলা পরিবার পরিকল্পনা অফিস উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পুরাতন ভবনের মধ্যে অবস্থিত। তিনি জানান ভবনটি দীর্ঘদিনের পুরাতন হওয়ায় ভবনের বিভিন্ন স্থানে ফাটলসহ প্লাস্টার ছাদের ছিলিং হতে খসে পড়ছে। এ অবস্থায় পরিবার পরিকল্পনা অফিসটি দ্রুত অন্য কোন ভবনে স্থানান্তর করা প্রয়োজন। সভায় বিষয়টি আলোচনান্তে উপজেলা প্রকৌশলী জানান যে, পরিবার পরিকল্পনা অফিসটি স্থানান্তর করার মত সরকারি কোন অফিস ভবন খালি না থাকায়। পরিবার পরিকল্পনা বিভাগের উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা ক্রমে উপজেলা পরিবার পরিকল্পনা অফিস সংলগ্ন কোন ভবন ভাড়া করে অফিস পরিচালনা করার বিষয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে পরিবার পরিকল্পনা অফিসারকে তার বিভাগের দাপ্তরিক অনুমোদন স্বাপেক্ষে উপজেলা পরিষদ হাসপাতাল সংলগ্ন ভবন ভাড়া করে অফিস স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি অফিসার জানান যে, মার্চ/২৫ মাসে খরিপ-১ মৌসুমে/ ২০২৪-২৫ অর্থবছরে কৃষি প্রণোদনার আওতায় কৃষকদের মাঝে ৩০ বিঘার গ্রীষ্মকালীন মুগ ও ৬০ বিঘায় গ্রীষ্মকালীন তিল বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে ও ৫০০ বিঘা জমিতে উফশী আউশ ধানের বীজ ও সার বিতরণ করা হবে এবং ব্রক্ষগাতী ব্লকে, দাসপাড়ায় ৫০ একর জমিতে সমলয় রাইস ট্রান্সপ্লান্টার এর মাধ্যমে চারা রোপন করা হয়েছে এবং ধানের অবস্থা খুবই ভাল। অত্র উপজেলায় নতুন জাতের বিনা বাদান-৪ জাতের সম্প্রসারণ করার জন্য বিনা, গাজীপুর হতে বীজ ক্রয় করে কৃষকের হাতে দেওয়া হয়েছে।হাইব্রিড বোরো ধানের বীজ বিতরণ করা হয়েছে। কৃষি অফিসের সীড স্টোরগুলো অবৈধভাবে কিছু অংশ দুবৃত্তরা দখল করে আছে, বিধায় সভায় উপজেলা কৃষি অফিসার, জানান। উপজেলা প্রশাসনের মাধ্যমে তাদের উচ্ছেদ করে কাটাতারের ব্যবস্থা করে বাউন্ডারি করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে রবি মৌসুমে কৃষক/কৃষানীদের সঠিক নিয়ম কানুন সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করে কৃষকের উন্নতি সাধন করাসহ অবৈধভাবে সীড স্টোরগুলোর দখলদারিত্র উচ্ছেদ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন, ও অফিসার ইন-চার্জ দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য অফিসার জানান যে, ০১ লা নভেম্বর থেকে ৩০ জুন পর্যন্ত জাটকা সংরক্ষন অভিযান অব্যাহত আছে। পিরানহা, আফ্রিকান মাগুর কেউ ক্রয় বিক্রয় করছে কিনা তার জন্য বিভিন্ন হাট বাজার নিয়মিত মনিটরিং করা হচ্ছে। নদী বা খালে অবৈধ জাল পাটার বিরুদ্ধে অভিযান/মোবাইল কোর্ট চলমান রয়েছে। দোহার খাল এবং নাগকাটি খালের খনন কাজ সম্পন্ন হয়েছে। মেসার্স আড়ংঘাটা বাইপাস সড়ক মৎস্য আড়তের উন্নয়ন কাজ চলমান রয়েছে। ১৫ এপ্রিল থেকে ১১ জুন পর্যন্ত ৫৮ দিন বাংলাদেশের সামুদ্রিক সীমার সকল ধরনের মৎস্য আহরণ নিষেদ্ধ। এছাড়া দাপ্তিরিক অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে জাটকা সংরক্ষন অভিযান আরো জোরদাার করাসহ অত্র উপজেলার বিভিন্ন বাজারে আফ্রিকান মাগুর ক্রয় বিক্রয় সম্পর্কে খোজরেখে সেখানে তাৎক্ষনিক ভাবে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। । | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, যুব উন্নয়ন অফিস অত্র কার্যালয়ে ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অনুযায়ী যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বাজেট অনুযায়ী চলতি মাসে ০২টি ব্যাচে ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য জেলা কার্যালয়ের বিভিন্ন ট্রেডের বিজ্ঞপ্তি জারি হয়েছে এবং বিজ্ঞপ্তি মোতাবেক বিভিন্ন ট্রেডে যুবরা প্রশিক্ষণে অংশগ্রহণ করছে। যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অনুযায়ী চলতি মাসে প্রশিক্ষণ প্রাপ্ত ১৬ (ষোল) জন যুব ও যুব মহিলাদের মাঝে ১৭,৩০,০০০/- টাকার ঋন প্রদান করা হয়েছে। চলমান ঋণ আদায় শত ভাগ তবে, খেলাপী ঋণ আদায়ের জন্য জোর প্রচেষ্টা অব্যাহ আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরন পূর্বক যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান এবং ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম অব্যহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা বন দপ্তর | উপজেলা বন কর্মকর্তা জানান যে, সামাজিক বন জনগনের কল্যানে জনগন কর্তৃক সৃষ্ট, যার ব্যবস্থাপনা সংরক্ষণ ও ব্যবহার স্থানীয় উপকার ভোগী ও জনগন কর্তৃক সম্পাদিত হয়। এতে বন বিভাগ ও অন্যান্য সংস্থা কারিগরী ও আর্থিক বিষয়ে সহায়তাকরী হিসাবে কাজ করে, উপজেলা বন কর্মকর্তা সভাকে আরো জানান যে, মানীয় উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় স্যারের নির্দেশ সারা দেশের গাছ সুরক্ষায় পেরেক অপসারণের কাজ চলমান আছে। যা প্রশাসন ও বন বিভাগ বাস্তবায়ন করছে। এর ধারাবাহিকতায় সম্মানিত উপজেলা নির্বাহী অফিসার দিঘলিয়া মহোদয়ের নির্দেশে অত্র উপজেলায় গাছ সুরক্ষা পেরেক অপসারনের কাজ চলমান আছে। | এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে সরকারী নির্দেশনা মোতাবেক কাজ চলমান থাকবে কোন গাছে পেরেক থাকবে না থাকলে তা অপসারন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১০ | উপজেলা প্রকৌশলী দপ্তর | <u>প্রস্তাব-১:</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিল এর আওতায় অনুমোদিত প্রকল্পের মেধ্য প্রকল্প কমিটির মাধ্যমে কাজ চলমান রয়েছে এবং টেন্ডারের প্রকল্পগুলি প্যাকেজ ভিত্তিক দরপত্র আহবায়ানের প্রক্রিয়াধীন অচিরেই পিপার বিজ্ঞপ্তির মাধ্যমে বাস্তবায়ন করা হবে। | বিস্তারিত আলোচনান্তে চলতি অর্থবছরের মধ্যে প্রকল্প কমিটি ও টেন্ডারের মাধ্যমে অনুমোদিত সকল প্রকল্পগুলি বাস্তবায়ন করার **সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।** | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | দি খুলন |
| ১১ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, মার্চ/২৫ মাসের ক্ষুদ্রঋণ কার্যক্রম মাসিক আদায় ৫,৯৩,৯৭৫/- (পাঁচ লক্ষ তিরানব্বই হাজার নয় শত পঁচাত্তর) টাকা। সেনহাটী ইউনিয়নে ক্ষুদ্রঋণের অনাদায়ী টাকা আদায়ের জন্য নোটিশ করার জন্য আলোচনা হয়। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় জানুয়ারি/২৫ হতে মার্চ/২৫ পর্যন্ত ৩য় কিস্তিতে মোট ১৩০৩০/-(তের হাজার ত্রিশ) জনের পেরোল দেয়া হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলান। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান যে, ভিডব্লিউবি ২০২৫-২০২৬ চক্রের অবহিতকরণ সভা সম্পন্ন হয়েছে। ভিডব্লিউবি এর আবেদন করার জন্য প্রতিটি ইউনিয়ন হতে সচিব ও ০২ জন উদ্যোক্তার আইডি সক্রিয় করা হয়েছে। তিনি আরো বলেন মা ও শিশু সহায়তা কর্মসূচীর মার্চ ২০২৫ মাসে ৫৪ জন নতুন উপকারভোগী নির্বাচন করার জন্য উপজেলা আইডিতে প্রেরণ করেছে কিন্তু সফটওয়ের সক্রিয় না থাকায় নির্বাচন করা সম্ভব হয়নি। তিনি আরো জানান যে, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। তিনি আরো বলেন মার্চ ২০২৫ মাসে নারী নির্যাতন প্রতিরোধ সেলে ১ টি অভিযোগ সম্পন্ন হয়েছে। তিনি আরো বলেন মার্চ ২০২৫ মাসে ০২ টি উঠান বৈঠাক করা হয়েছে। ০৬ জন অসহায় মাহিলাকে কাউন্সিলিং প্রদান করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর। | উপজেলা একাডেমিক সুপার ভাইজার জানান যে, আগামী ১০ই এপ্রিল এসএসসি পরিক্ষা-২০২৫ শুরু হবে। উক্ত পরীক্ষা নকলমুক্ত পরিবেশে সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সকলের সহোযোগিতা কমনা করেন। তিনি আরো জানান ২০২৫ শিক্ষাবর্ষের বিনামূল্যে বিতরনের জন্য ৯২% পাঠ্যপুস্তক পাওয়া গিয়াছে এবং সকল শিক্ষা প্রতিষ্ঠান নিয়ম মেনে পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে এসএসসি পরীক্ষা-২০২৫ যাতে সুষ্ঠু ও সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হয়। সে জন্য সকলের সহোযোগীতা কামনাসহ সরকারী বিধি বিধান অনুসারে বই বিতরনসহ দাপ্তরিক কার্য পরিচালনা এবং অবশিষ্ট বই পাওয়া মাত্রই বিদ্যালয়ে বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, দিঘলিয়া উপজেলায় প্রতিদিন ২ জন ডিলারের মাধ্যমে ভর্তুকী মূল্যে ও এমএস এর বিক্রি চলমান আছে। প্রতি কেজি চালের মূল্য ত্রিশ টাকা লাইনে দাড়িয়ে এক জন গ্রাহক সর্বোচ্চ ৫ (পাঁচ) কেজি চাউল ক্রয় | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনাসহ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | করতে পারবেন। ইহা ছাড়া ভর্তুকী মূল্যে টিসিবি খাতে ওএমএস এর চাল বিতরণ চলমান রয়েছে। খাদ্য বান্ধব কর্মসূচির মার্চ/২০২৫ ও এপ্রিল/২০২৫ মাসে বিলি বিতরণ এবং ডিলার নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। | ভর্তুকী মূল্যের চাউল বিতরণে কোন প্রকার সমস্যা সৃষ্টি না হয় সে বিষয়ে নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দিঘলিয়া, খুলনা। |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বিআরডিবি সুফলভোগীদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে পুঁজি গঠন কার্যক্রম অব্যাহত আছে। এ পর্যন্ত পুজি গঠনের পরিমান ১৮০.৯০ লক্ষ। দপ্তরের আওতাধীন বিভিন্ন প্রকল্পে ২০২৪-২৫ অর্থবছরে ঋণ বিতরণ লক্ষমাত্রা ৬৮৯.২০ লক্ষ যাহা যার ১০০% বিতরণ হবে মর্মে আশা পোষণ করেন। ইতোমধ্যে কোভিড-১৯ প্রণোদনা ঋণ বিতরণ ৬৬.৫০ লক্ষ টাকা যার কিস্তি আদায়ের হার ১০০/% এবং বিআরডিবির অন্যান্য প্রকল্প ও কর্মসূচীর মোট ৩৪৯.৩৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরের ৯ মাসে ৩৭৫.২৪ লক্ষ টাকা আদায় করা হয়েছে। ঋণ আদায় ও বিতরণ একটি চলমান প্রক্রিয়া অত্র উপজেলায় ১১ টি সার্টিফিকেট মামলা রয়েছে। মামলা হওয়ার পরও সদস্যরা বিষটি গুরুত্ব দিচ্ছে না এবং কোন টাকা পরিশোধ করছে না। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে অফিসার-ইন-চার্জ দিঘলিয়া মহোদয়ের সহযোগীতা কামনা করেন। তিনি আরো বলেন চলতি ঋন আদায়ের হার ১০০%। মেয়াদউত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় এর নিকট হতে আন্তরিক সহযোগীতা পাওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৬ | চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়ন পরিষদ জানান যে, ভিডাব্লিউবি কার্যক্রম যাতে নীতীমালা অনুযায়ী বাস্তবায়ন করা হয়। সে জন্য তিনি সভাকে বিশেষভাবে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভিডাব্লিউবি কার্যক্রম নিতীমালা অনুযায়ী বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষায়ক অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৭ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, আগামী অর্থবছর থেকে প্রতিটি ইউনিয়নে একটি বাজেট প্রদান করা হবে। তা হতে একটি করে দৃশ্যমান প্রকল্প গ্রহন করা হবে এবং সেটি যাচাই বাছাই অন্তে বাস্তবতার ভিত্তিতে বাস্তবায়ন করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রেরিত প্রকল্পের মধ্যে হতে প্রয়োজনীয়তার ভিত্তিতে দৃশ্যমান প্রকল্প গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, এবং উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |

ফেব্রুয়ারি/ ২০২৫ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ

CamScanner

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫,০০০/-<br>০৩। জনাব লিয়াকত আলী খান, মালী এর ফেব্রুয়ারি/২০২৫ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৩,৭৫০/-<br>০৪। জনাব স্বপন কুমার দাস, পরিচ্ছন্ন কর্মী এর ফেব্রুয়ারি/২৫ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৩,৭৫০/-<br>০৫। মোঃ হাফিজুর রহমান, প্রকল্প সভাপতি ও সদস্য দিঘলিয়া, ইউনিয়ন পরিষদ, এর নামে উপজেলা প্রাণীসম্পদ অফিসের বাউন্ডারী ওয়াল ও গেট মেরামতসহ সংযোগ সড়ক নির্মাণ কাজের বিল বাবদ = ২,০০,০০০/-<br>০৬। মেসার্স খুলনা ফিলিং ষ্টেশন দৌলতপুর খুলনা এর জানুয়ারি/২৫ মাসের জ্বালানী তেলের বিল বাবদ=১০,৪০০/-<br>০৭। জনাব আব্দুল হাকিম মল্লিক অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে ২১ শে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস /২০২৫ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন খরচে বিল বাবদ =২০,০০০/-<br>০৮। জনাব মোঃ হাফিজুর রহমান, অফিস সহায়ক, উপজেলা পরিষদ কার্যালয়, দিঘলিয়া, জানুয়ারি/২৫ মাসের বিদ্যুৎ বিল বাবদ =১৭, ৭৪১/-<br>০৯। মোঃ খাইরুল ইসলাম, মিস্ত্রী, সেনহাটি দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা গেজেটেড কোয়াটারের নিচতলার একটি ফ্লাট মেরামত কাজের বিল বাবদ=২৫,০০০/-<br>১০। মোঃ খাইরুল ইসলাম, মিস্ত্রী, সেনহাটি দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা গেজেটেড কোয়াটারের নিচতলার একটি ফ্লাট মেরামত কাজের বিল বাবদ=২০,৫০০/-<br>১১। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক, উপজেলা পরিষদ দিঘলিয়া এর নামে তারুন্যের উৎসব ২০২৫ উৎযাপন উপলক্ষ্যে ব্যয়িত অর্থের বিল প্রদান=২০,০০০/-<br>১২। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক, উপজেলা পরিষদ দিঘলিয়া এর নামে তারুন্যের উৎসব ২০২৫ উৎযাপন উপলক্ষ্যে ব্যয়িত অর্থের বিল প্রদান=২০,০০০/-<br>১৩। আব্দুল হাকিম মল্লিক অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের নন গেজেটেড কোয়াটারের নিচতলার পূর্বপাশের ফ্লাট মেরামত কাজের বিল =২৫,০০০/-<br>১৪। মোঃ লিয়াকত আলী খান মালী উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের মালীর ঈদুল ফিতর উৎসব ভাতা বাবদ প্রদান=১৩,৭৫০/-<br>১৫। মোঃ মহাসিন গাড়ী চালক উপজেলা নির্বাহী অফিসারের কার্যলয়, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা নির্বাহী অফিসারের দৈনিক ভিত্তিক গাড়ী চালক এর ঈদুল ফিতর উৎসব ভাতা বাবদ প্রদান=১৭,০০০/-<br>১৬। মোঃ হাকিম উপজেলা পরিষদ, দিঘলিয়া, তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষ্যে ব্যয়িত অর্থের বিল বাবদ=২৫,০০০/-<br>১৭। মোঃ হাকিম উপজেলা পরিষদ, দিঘলিয়া, এর নামে তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষ্যে ব্যয়িত অর্থের বিল বাবদ=২৫,০০০/-<br>১৮। সম্পাদক সময়ের খবর, খুলনা বংলা ১৪৩২ সনের দিঘলিয়া উপজেলার হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশর বিল বাবদ=২৮,২০৩/-<br>১৯। সম্পাদক লোকসমাজ শিকদার টাওয়ার, ১৫ শহীদ সড়ক যশোর বাংলা ১৪৩২ সনের দিঘলিয়া উপজেলার আন্ত: ইউনিয়ন খেয়াঘাট ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের বিল বাবদ=২৬,৬৬৬/- | ৫,[illegible] |

CS CamScanner

তত্রপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪.০৩.২৫


(আরিফুল ইসলাম)
প্রশাসক
উপজেলা পরিষদ
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫


তারিখ: ২৪.০৩.২০২৫ খ্রি:

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০- ৩০৫

<u>অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:</u>

২০০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
০৪ উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
০৫। উপজেলা ......................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৬। চেয়ারম্যান, .......................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৭। জনাব ................................................... সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা আই.সি. টি কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

২৪.০৩.২৫


(আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫


CamScanner